



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/29/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

ন্যাশনাল গভর্নরস অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান কুওমো এবং ভাইস চেয়ারম্যান হাচিনসন
কংগ্রেসকে রাজ্য ও স্থানীয় সহায়তাকে অগ্রাধিকার দেওয়ার আহ্বান জানিয়েছেন

'এটি একটি জাতীয় সমস্যা, এবং এটি একটি দ্বিপক্ষীয় এবং জাতীয় সমাধান দাবি করে'

নিউ ইয়র্কের গভর্নর এবং ন্যাশনাল গভর্নরস অ্যাসোসিয়েশনের (National Governors Association, NGA) চেয়ারম্যান অ্যান্ড্রু কুওমো এবং আরকানসাসের গভর্নর এবং এর ভাইস চেয়ারম্যান আসা হাচিনসন নিম্নলিখিত বিবৃতি প্রদান করেছেন:

"দল বা মতাদর্শগত নির্বিশেষে প্রত্যেক প্রধান অর্থনীতিবিদ 2007-09 আর্থিক মন্দার পর একই সিদ্ধান্তে উপনীত হয়েছেন: রাজ্য এবং স্থানীয় সরকারের প্রতি সমর্থনের অভাব এক দশকেরও বেশি সময় ধরে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিকে মন্থর করে দিয়েছে। যখন আমরা COVID-19 সংকট থেকে পুনরুদ্ধার এবং পুনর্নির্মাণ শুরু করি, আমরা অতীতের ভুলের পুনরাবৃত্তি করতে পারি না - আমরা এখন জানি যে রাজ্য এবং স্থানীয় সরকার সঞ্চল না হলে কোন জাতীয় পুনরুদ্ধার হতে পারে না। গত রাতে একটি নতুন প্রস্তাবিত ত্রাণ প্যাকেজ পেশ করার জন্য আমরা হাউস অফ রিপ্রেজেন্টেটিভসের (House of Representatives) প্রশংসা করছি। এটা আমাদের আশা যে সাম্প্রতিক প্রস্তাবটি আলোচনাকে পুনরুজ্জীবিত করবে। পরিশেষে, আমরা একটি ত্রাণ প্যাকেজ আশা করি যা স্বাস্থ্য সেবা কর্মী, দমকল কর্মী, পুলিশ কর্মকর্তা এবং শিক্ষক সহ আমেরিকান জনগণের চাহিদাকে সমর্থন করবে এবং আমরা সিনেট (Senate) এবং হোয়াইট হাউসকে (White House) আলোচনার টেবিলে তাদের সাথে দেখা করার আহ্বান জানাচ্ছি। এটি একটি জাতীয় সমস্যা, এবং এটি একটি দ্বিপক্ষীয় এবং জাতীয় সমাধান দাবি করে।"

###

আরও সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)